তারিখ : 26 APR ২০১৫
পৃঃ ১ কলাম ১

দৈনিক
ইত্তেফাক

# ভূমিকম্পে কাঁপল গোটা দেশ

## ৭.৯ মাত্রার ভূমিকম্প ০ নিহত ৪ ০ ব্যাপক আতঙ্ক ০ ভবনে ফাটল



ভূমিকম্পের সময় বহুতল ভবন থেকে আতঙ্কে লোকজন নেমে আসে রাস্তায়। ছবিটি কাওরান বাজার এলাকা থেকে তোলা -ইত্তেফাক

■ ইত্তেফাক রিপোর্ট

ভূমিকম্পে. কেঁপে উঠলো রাজধানীসহ সারাদেশ। গতকাল শনিবার দুপুরে দেশজুড়ে এই তীব্র ভূমিকম্প অনুভূত হয়। এসময় মানুষজন আতঙ্কিত হয়ে পড়ে। যে অবস্থায় ছিল সে অবস্থায় নেমে আসে রাস্তা ও খোলা জায়গায়। ঘরবাড়ি, বহুতল ভবন, দোকানপাট ও অফিস থেকে দৌড়ে এবং হুড়োহুড়ি করে নেমে আসা মানুষজনের মধ্যে এই আতঙ্ক ছিল বহুক্ষণ।

ঢাকায় প্রথম দফায় ভূমিকম্পটি প্রায় দুই মিনিট স্থায়ী ছিল। এসময় আতঙ্কে ও দেয়াল চাপা পড়ে বগুড়া, লক্ষ্মীপুর, টাঙ্গাইল ও পাবনায় মারা গেছেন ৪ জন। সহস্রাধিক শিক্ষার্থী ও গার্মেন্টস শ্রমিক অসুস্থ ও আহত হয়েছে। অনেক শ্রমিক, শিশু ও মেয়ে শিক্ষার্থী ভয়ে জ্ঞান হারিয়ে ফেলে। আহত ও অসুস্থ শিক্ষার্থীদের সংশ্লিষ্ট জেলা ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়। ভূমিকম্পের সময় তাড়াহুড়ো করে বহুতল ভবন থেকে নামতে গিয়ে রাজধানী, কুমিল্লা, ঈশ্বরদী ও নারায়ণগঞ্জে বহু গার্মেন্টস শ্রমিক আহত হয়েছে। ভূমিকম্পে রাজধানীতে অন্তত ৮টি ভবন ও বাড়ি সামান্য হেলে গেছে। এছাড়া দেশের কয়েকটি জেলায় একাধিক ভবনে ফাটল দেখা দিয়েছে। পৃষ্ঠা ১৯ কলাম ৪

## ভূমিকম্পে কাঁপল

প্রথম পৃষ্ঠার পর

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্রের পূর্বাভাস কর্মকর্তা আবুল কালাম মল্লিক জানান, গতকাল বাংলাদেশ সময় দুপুর ১২টা ১১ মিনিটে এ ভূমিকম্প অনুভূত হয়। ভূমিকম্পের উৎপত্তিস্থল ছিল ঢাকা থেকে ৭৪৫ কিলোমিটার দূরে নেপালে। রিখটার স্কেলে এ ভূমিকম্পের মাত্রা ছিল ৭-এরও বেশি। প্রথম কম্পনটির পর ৬ দশমিক ৪ মাত্রার আরেকটি ভূ-কম্পন অনুভূত হয়। তবে যুক্তরাষ্ট্রের ভূতাত্ত্বিক জরিপ সংস্থার বরাত দিয়ে বার্তা সংস্থা এএফপি জানায়, রিখটার স্কেল অনুযায়ী ভূমিকম্পের উৎপত্তিস্থলে এর মাত্রা ছিল ৭ দশমিক ৯। মাত্রা অনুযায়ী এটি ছিল শক্তিশালী ভূমিকম্প। নেপালের রাজধানী কাঠমান্ডু থেকে ৮১ কিলোমিটার উত্তর-পশ্চিমে ছিল ভূমিকম্পের কেন্দ্রস্থল।

ফায়ার সার্ভিস নিয়ন্ত্রণ কক্ষ জানিয়েছে, ভূমিকম্পে বংশালের একটি ছয় তলা বাড়ি অন্তত এক ইঞ্চি হেলে গেছে। পরে রাজউকের কর্মকর্তারা পরিদর্শন করে ভবনটি সিলগালা করে দেয়। বংশাল থানার ওসি আব্দুল কুদ্দুস জানান, আধা কাঠা জমির ওপর নির্মিত ওই ছয় তলা বাড়িটিতে স্কুল ব্যাগ তৈরি করা হয়। ভূমিকম্পের সময় কারাখানার শ্রমিকরা আতঙ্কে বাইরে বেরিয়ে আসেন।

গুলিস্তানের বঙ্গবাজার মার্কেটের কাছে আলাউদ্দিন ভবন নামে ৫ তলা একটি বাড়ি হেলে পড়লে সেটিও সিলগালা করে দেয়া হয়। নবাবপুর পুলিশ ফাঁড়ির কাছে একটি ছয় তলা বাড়ি সামান্য হেলে পড়ে। গুলশানে 'হোটেল সেরিনা' ভবনটিও সামান্য হেলে পড়েছে। লালবাগের ইসলামবাগের এরশাদ কলোনির পিছনে ছয় তলা একটি বাড়ি হেলে পড়লে ফায়ার সার্ভিসের উদ্ধার কর্মীরা গিয়ে বাসিন্দাদের সরিয়ে নেয়। শ্যামলীতে ১৮ তলা বিশিষ্ট আশা টাওয়ার হেলে পড়েছে-এমন খবরে সেখানকার আশা ইউনিভার্সিটির শিক্ষার্থী ও সাউথ-ইস্ট ব্যাংক কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরে ফায়ার সার্ভিসের একটি উদ্ধারকারী টিম সেখানে গিয়ে তেমন কোন ক্ষয়ক্ষতি দেখতে পায়নি। একই অবস্থা হয়েছে বনানীর কামাল আতাতুর্ক অ্যাভিনিউয়ে ২৪ তলা বিশিষ্ট ইফাদ টাওয়ারে। ভূমিকম্পের পর ঐ ভবনের বিভিন্ন অফিস থেকে মানুষ রাস্তায় বের হয়ে আসে। পরে ফায়ার সার্ভিসের একটি টিম সেখানে গিয়ে ভবনের তেমন কোন ক্ষয়ক্ষতি দেখতে পায়নি। এছাড়া ভূমিকম্পের সময় মিরপুর-১ নম্বর সেকশনে অবস্থিত ডায়মন্ড ফ্যাশন গার্মেন্টস থেকে কর্মরত শ্রমিকরা রাস্তায় নেমে পড়েন। হুড়োহুড়ি করে নামতে গিয়ে ১০ শ্রমিক সামান্য আহত হন। বাড্ডার কুড়িলের জান্নাত মঞ্জিল নামে একটি বাড়ি থেকে ফায়ার সার্ভিসকে জানানো হয় যে, তাদের বাড়ি হেলে পড়েছে। পরে ফায়ার সার্ভিসের টিম ওই বাড়ি পরিদর্শন করে খবরের সত্যতা পায়নি।

আমাদের অফিস, প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো আরো খবর:

বগুড়া: ভূমিকম্পের সময় দুপচাঁচিয়া উপজেলার অনাহত সিংড়া গ্রামের বয়েজ উদ্দিনের স্ত্রী মোর্শেদা বেগম (৫৫) গোয়াল ঘরের মাটির দেয়াল চাপা পড়ে গুরুতর আহত হন। পরে তাকে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হলে বিকালে তার মৃত্যু হয়। বগুড়ার সহকারী পুলিশ সুপার (এএসপি) গাজিউর রহমান দেয়াল চাপায় গৃহবধূর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

ভূমিকম্পে নন্দীগ্রাম উপজেলার ভাটগ্রাম ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের প্রাচীর ধসে পড়েছে এবং একই উপজেলার বিজরুলে অবস্থিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ভবনের ৫০ থেকে ৬০ ফুট এলাকা জুড়ে ফাটল দেখা দিয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

এছাড়াও জেলার শাজাহানপুর উপজেলার খোট্টাপাড়া ইউনিয়নের ডোমর কুঠি সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের একাংশ দেবে গিয়ে ফাটল দেখা দিয়েছে বলে এলাকাবাসী সূত্র দাবি করেছে।

পাবনা: ভূমিকম্পে আতঙ্কিত হয়ে রাস্তায় পড়ে আঘাত পেয়ে পাবনা পৌর মহিলা আওয়ামী লীগের সভানেত্রী রোকেয়া খানম ইতির (৬৫) মৃত্যু হয়েছে। তিনি পাবনা পৌর সদরের গোপালপুর মহল্লার সোহরাব হোসেনের স্ত্রী ও পাবনা আদর্শ গার্লস হাই স্কুলের অবসরপ্রাপ্ত শিক্ষিকা।

রামগঞ্জ (লক্ষ্মীপুর): উপজেলার ভাটরা ইউনিয়নের দক্ষিণ ভাটরা গ্রামের মোল্লা বাড়ির মো. কালু মিয়া (৬৫) ভূমিকম্পে আতঙ্কিত হয়ে মারা গেছেন বলে জানান স্থানীয় ইউনিয়ন পরিষদ মেম্বার খোরশেদ আলম।

মির্জাপুর (টাঙ্গাইল) : গোড়াই শিল্পাঞ্চলের সৈয়দপুর এলাকার সুকুমুদ্দিনের স্ত্রী পরিনা আক্তারও আতঙ্কে মারা গেছেন। জানা গেছে, তিনি তার দেড় বছরের শিশুপুত্র রাব্বিকে নিয়ে তাদের আধাপাকা বাড়িতে ছিলেন। ভূমিকম্প শুরু হলে ঘরটি হেলতে থাকে। ঘটনা দেখে তিনি ভয়ে জ্ঞান হারিয়ে ফেলেন। স্থানীয় লোকজন তাকে কুমুদিনী হাসপাতালে নেয়ার চেষ্টা করলে পথেই তিনি মারা যান।

এদিকে গোড়াই শিল্পাঞ্চলের ৩/৪টি কারখানা ভবনে ফাটল দেখা দিলে শ্রমিকদের মধ্যে আতঙ্ক দেখা দেয়। এছাড়া উপজেলার কাটরা সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ কয়েকটি মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা ভবনেও ফাটল দেখা দিয়েছে বলে শিক্ষকরা জানিয়েছেন।

পঞ্চগড়: পঞ্চগড় বাজারের কাপড়পট্টিতে নির্মাণাধীন একটি ভবনের দোতলার দেয়াল ধসে পড়ে এক শ্রমিক আহত হয়েছেন। ভূমিকম্পের সময় শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক দেখা গেছে।

হোমনা (কুমিল্লা): উপজেলার খাদিজা মোমোরিয়াল বালিকা উচ্চ বিদ্যালয় ও কাশিপুর হাসেমিয়া উচ্চ বিদ্যালয়ের ১১ ছাত্রী তাড়াহুড়া করে নিচে নামতে গিয়ে আহত হয়েছে।

রংপুর: দৌড়ে ও হুড়াহুড়ি করে শিক্ষা প্রতিষ্ঠান থেকে বের হতে গিয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের কমপক্ষে ৩০ শিক্ষার্থী আহত হয়েছে। ৩ তলা ভবন থেকে নামতে গিয়ে ভিড়ের মধ্যে পড়ে শ্বাসকষ্টজনিত রোগে আক্রান্ত ৩ শিক্ষার্থীকে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। ভূ-কম্পনের পর তাৎক্ষণিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ছুটি দেয়া হয়। এদিকে ভূ-কম্পনের সময় রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালসহ বিভিন্ন প্রাইভেট ক্লিনিকে চিকিৎসাধীন রোগীরা হুড়াহুড়ি করে বাইরে বেরিয়ে আসতে গিয়ে অনেকেই আহত হন।

কুমিল্লা: কুমিল্লা ইপিজেডে আতঙ্কে ভবন থেকে হুড়োহুড়ি করে নীচে নামতে গিয়ে ৩টি কারখানার কমপক্ষে শতাধিক শ্রমিক আহত হয়েছেন। কাদেনা স্পোর্টস ওয়্যার লিমিটেড, বিএমটি ইন্টারন্যাশাল ও জিং চাং সুজ (বিডি) লি. কারখানায় এ ঘটনা ঘটে।

খুলনা অফিস: নগরীর বড় বাজারের হেলাতলা মোড়ের একটি চারতলা ভবনসহ দুইটি ভবন ও নগরীর প্রাণকেন্দ্র পিকচার প্যালেস মোড়ের আজমল প্লাজা হেলে পড়েছে। এছাড়া নগরীর দাদা ম্যাচ ফ্যাক্টরির পাশে পাঁচতলা একটি ভবনের নিচতলা দেবে গেছে।

ফেনী: শহীদ শহীদুল্লাহ কায়সার সড়কের শাহ আলম টাওয়ারে ফাটল দেখা দিয়েছে। ফায়ার সার্ভিস জানায়, ভূমিকম্পে ভবনটির তিন তলা থেকে ১০ তলা পর্যন্ত ফাটল দেখা দেয়।

আত্রাই (নওগাঁ): নৈদীঘি উচ্চ বিদ্যালয় ও বান্দাইখাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কয়েকটি কক্ষে ফাটল দেখা দিয়েছে।

চরভদ্রাসন (ফরিদপুর): চরভদ্রাসন পাইলট উচ্চ বিদ্যালয়ের তিন শিক্ষার্থী মাথা ঘুরে পড়ে যায়। তাদেরকে তাৎক্ষণিক উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়।

ময়মনসিংহ: ধোবাউড়া উপজেলার কালিকাবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভূমিকম্পের সময় ভবন থেকে তাড়াহুড়া করে নামতে গিয়ে শিক্ষক-শিক্ষার্থীসহ ৯ জন আহত হয়েছে। তাদেরকে ধোবাউড়া থানা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। তারকান্দা উপজেলার টিউকান্দা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন ও ছাদে ফাটল দেখা দিয়েছে।

উল্লাপাড়া (সিরাজগঞ্জ): উপজেলার গয়হাট্টা সালেহা ইসহাক উচ্চ বিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশতাধিক শিক্ষার্থী অসুস্থ ও আহত হয়েছে।

নীলফামারী: ভবন থেকে তাড়াহুড়ো করে নামতে গিয়ে অনেকেই আহত হন। উত্তরা ইপিজেডে অবস্থিত এভারগ্রিন কোম্পানির ভবনে বড় ফাটল দেখা দেয়ায় কারখানাটি বন্ধ ঘোষণা করা হয়েছে। সদরের পলাশবাড়ী গার্লস স্কুলের নবনির্মিত